

পরিবেশ নিয়ে দু'চার কথা

বরুনা ভট্টাচার্য্য (চক্রবর্তী)

ত্রিশ হাজার বছর আগের কথা, জগৎ বাস্তবময়। সভাতার উত্থানে প্রচীন মানুষের জগৎ সম্পর্কে ধারণাগুলি খুবই অদ্ভুত লাগে আজও। তবে সেদিন এইসব অদ্ভুত ধারণা গুলি ছিল সত্য। যেমন বাসুকি নাগের ফনার মাথায় অবস্থিত জগৎ। এশিয়া মাইনরের থালেস ভাবতেন জগতে মূল উপাদান হচ্ছে জল, অর্থাৎ জলবৎ তরল। অ্যানাক্সিমিনিস ভাবতেন বায়ু হল মূল উপাদান। জগতের মূল উপাদান ক্ষিতি, অপ, মরুৎ, তেজ, ব্যোম বললে কিছুই বলা হয় না। কেননা বিজ্ঞানের দৌলতে জগৎ গঠিত হয় ৯২ টি মৌলিক পদার্থ দিয়ে। ধাতু অথাতু কঠিন তরল গ্যাসীয় সহযোগে। মরুৎ বা বায়ু যেমন দুটি মৌল গ্যাসের মিশ্রণ, জল বা অপ তেমনি হাইড্রজেন ও অক্সিজেনের মিলনক্রমে এক যোগ। বহুজগতের এই মৌলিক উপাদানগুলি কি তা জানতে অনেক সময় ব্যায় হয়েছে। আজও হচ্ছে। বস্তুত এসব কথা হচ্ছে পরিবেশ নিয়ে কেননা এগুলি পরিবেশের দান। তবু মানবসমাজ নিজেদের বাচার তাগিতে কিনা করছে। প্রকৃতিকে বাচাতে হবে, এই যা-কজন আর জন্মদিনে গাছ লাগিয়ে জন্মদিন পালন করছে। সুস্থ রাখতে দেহমন।

সৃজন করে বনায়ন।
জল অপচয় করলে ভাই।
মরন ছাড়া গতি নাই।
আমরা বাঁচার জন্য পরিবেশ সৃষ্টি করি। পরিবেশ রক্ষার দায়িত্ব
ও কর্তব্য আমাদের। পরিবেশ রক্ষার জন্য কি করা প্রয়োজন
তা আমরা সকলেই জানি। বাহুল্য লিখা নিষ্প্রয়োজন। আমরা
প্রয়োগ ক্ষেত্র জেনেও তা প্রয়োগ করিনা!

[Faint, mostly illegible text, possibly bleed-through from the reverse side of the page.]

[Faint, mostly illegible text, possibly bleed-through from the reverse side of the page.]